Gmail

Ucaliptas <ucaliptas909@gmail.com>

কবিতা: মহাবোকা

1 message

Mohammad Sheikh Zohurul Islam <mszi065045@gmail.com> Fri, Mar 14, 2025 at 2:51 PM
To: ucaliptas909@gmail.com

মহাবোকা
তাফিফ বিন জামিল

মহাবোকা হদ্দবোকা
আস্ত গাঁধার গাঁধা,
পরেতে যে ভক্তি করে
নামেতে শাহজাদা।

নিজের গোলা উজাড় করে
পরের গোলা যে ভরে,
তার মতো কে গাঁধা আছে
এই জমিনের পরে?

এমন গাঁধা কত ছিলো
আমার সোনার দেশে,
এমন পাপী সব চলে গেছে
বানের জলে ভেসে।

আরো এমন কত গাঁধা
আছে দেশের কোণে,
পরের গোলা ভরতে যাদের
সাধ জাগে রে মনে।

মহা গাঁধা সেই নরপাপী
পরে ভজে যেজন,
দেশের তরে তিল পরিমাণ
কাঁদে না যার মন।

দেশের ক্ষতি করে যারা
পরের ভালো করে,
ধিক ধিক ধিক শতধিক
সেই অধমের তরে।

এমন গাঁধা তোদের মাঝে

আছে কি রে কেউ?
থাকে যদি কেউ বলিস তারে
সে মানুষ নামের ফেউ।

সে নরাধম তলিয়ে যাবে
কালের গহ্বরে,
মানুষের ঘৃণা পাবে সেজন
শত জনম ধরে।

পাপীর চেয়েও পাপী রে সে
এই জগতের পরে,
দেশের মানুষ নামটি তাহার
স্মরিবে ঘৃণা ভরে।

পরদেশে না মজে যেজন
দেশকে বাসে ভালো,
নরকূলে সে ধন্য হয়ে
জগতে ছড়ায় আলো।

এমন আলো ফুটে উঠুক
পৃথিবীর প্রতি কোণে,
মানুষ হয়েই মরি যেনো
সেবে সর্বজনে।

রচনাকাল: ৩০ ফাল্গুন ১৪৩১।